দৈনিক
জনকণ্ঠ

তারিখ ....23 APR 2017
পৃষ্ঠা ২০ ... কলাম ......

# প্রশ্নপত্র ফাঁস করায় এইচএসসি পরীক্ষার্থীর ৬ মাস জেল

স্টাফ রিপোর্টার ॥ হাতেনাতে প্রশ্ন ফাঁসের প্রমাণ পাওয়ায় এক এইচএসসি পরীক্ষার্থীকে শনিবার ছয় মাসের কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। ওই পরীক্ষার্থীর নাম মোঃ সাজেদুল ইসলাম সাজিদ। সে এবার ধানমণ্ডি আইডিয়াল কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল। ঢাকা শিক্ষা বোর্ডের উপ পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চ মাধ্যমিক) অদ্বৈত কুমার রায় এই তথ্য নিশ্চিত করেন।

জানা গেছে, শনিবার ছিল হিসাববিজ্ঞান প্রথম পত্রের

(১৯ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## প্রশ্নপত্র ফাঁস

(২০-এর পৃষ্ঠার পর)

পরীক্ষা। আইডিয়াল কলেজের কেন্দ্র ছিল রাজধানীর সিটি কলেজ। পরীক্ষা শুরুর আগে সকাল সাড়ে নয়টার দিকে সিটি কলেজের গেটে সাজিদ মোবাইল ফোনে প্রশ্ন ও এর সমাধান খোঁজার চেষ্টা করে। আর পরীক্ষার কেন্দ্রের সামনে দায়িত্বে থাকা ভিজিলেন্স টিমের চোখে এই দৃশ্য ধরা পড়ে। তারা ঢাকা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট আয়েশা হককে খবর দেন। ম্যাজিস্ট্রেট শিক্ষার্থীকে আটক করলে পরীক্ষা শুরুর আগেই তার ফোনে প্রশ্নপত্রের সমাধান পায়।

নির্বাহী ম্যাজিস্টেট আয়েশা হক জানান, সাজিদ নামের ওই শিক্ষার্থীকে আটক করলে তার মোবাইলে, হোয়াটসএ্যাপের মাধ্যমে সমাধানসহ প্রশ্নপত্র আসার প্রমাণ পাওয়া যায়। পরে তাকে ছয় মাসের কারাদণ্ড দেয়া হয়।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোঃ মাহবুবুর রহমান বলেন, প্রশাসনের নজরদারির সঙ্গে সঙ্গে প্রতিদিন ঢাকা শিক্ষা বোর্ডেরও একাধিক টিম বিভিন্ন পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করছে। প্রশ্ন ফাঁস রোধে আমরা খুবই সচেতন। এ বিষয়ে আমরা জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছি। প্রশ্ন ফাঁসকারি চক্রের কাউকেই ছাড় দেয়া হবে না। যেই শিক্ষার্থীর জেল হয়েছে তার কাছ থেকে আরও তথ্য পাওয়া গেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর